

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ইআইএন এর অফিস-২, ঢাকা।			
কার্য নং	তারিখ	স্বাক্ষর	
২০২৬	২০১৪	[স্বাক্ষর]	
ক.সং.	প.সং.	ই.সং.	নি.সং.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০০৩.২৩.২৯৭

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১

০২ মে ২০২৪

বিষয়: বিএসটিআই জেলা কার্যালয়, কক্সবাজার এর উর্ধ্বমুখী ২য় তলা পর্যন্ত সম্প্রসারণ কাজের জন্য ২য় চলতি বিলের নিমিত্ত চেকের মাধ্যমে ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: উপপরিচালক (প্রঃ-১), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউট (BSTI), মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকার স্মারক নং-৩৬.০৫.০০০০.১০৫.৯৯.০০২.২১-৭৮৪ তারিখ- ২৪-০৪-২০২৪ খ্রিঃ (কপি সংযুক্ত) এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে উপপরিচালক (প্রঃ-১), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউট (BSTI), মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্কৃত ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকার চেক, যার নং-CG-১০০ ৯৫৪৯৯৬৪ তারিখ-২৪/০৪/২০২৪ খ্রি; সোনালি ব্যাংক লিমিটেড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবেঃ

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- (৫) প্রত্যাশী সংস্থার পত্র, /প্রকল্প পরিচালক মহোদয়ের পত্রের বিভাজন/ শর্ত মোতাবেক অর্থ খরচ করতে হবে (কপি সংযুক্ত)।

সংযুক্তি- বর্ণনামতে ৩০.০০ লক্ষ টাকার চেক।

[স্বাক্ষর]

২-৫-২০২৪